

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৭২

১/ বিবিধ

আরবী

يبيعت الله ناقة صالح فيشرب من لبنها هو ومن آمن به من قومه، ولي حوض كما بين عدن إلى عمان، أكوابه عدد نجوم السماء، فيستسقي الأنبياء، ويبعث الله صالحا على ناقته، قال معاذ بن جبل: يا رسول الله وأنت على العضباء؟ [قال: أنا] على البراق، يخصني الله به من الأنبياء، وفاطمة ابنتي على العضباء، ويؤتى بلال على ناقة من نوق الجنة فيركبها، وينادي بالأذان فيصدقه من سمعه من المؤمنين حتى يوافي المحشر، ويؤتى بلال بحلتين من حلل الجنة فيكساهما، فأول من يكسى من المسلمين بلال، وصالح المؤمنين بعد
موضوع

رواه ابن عساكر (3 / 231 / 2) عن محمد بن الفضل بن عطية عن أبيه عن عبد الله بن بريدة عن أبيه مرفوعا. قلت: ومحمد بن الفضل كذاب. ثم رواه ابن عساكر من طريق سلام بن سليم: حدثنا خليفة بن عثمان عن حدثه عن مكحول عن كثير بن مرة الحضرمي مرفوعا. وهذا إسناد تالف، وله علل الأولى: الإرسال، فإن الحضرمي هذا تابعي، ووهم من عده من الصحابة كما في "التقريب

الثانية: جهالة الراوي عن مكحول، فإنه لم يسم
الثالثة: خليفة بن عثمان هذا لم أعرفه. الرابعة: سلام بن سليم وهو المدائني الطويل متهم بالكذب والوضع، فهو آفة الحديث

বাংলা

৭৭২। (কিয়ামত দিবসে) আল্লাহ তা'আলা সালেহ (আঃ)-এর উটনীকে প্রেরণ করবেন। অতঃপর তিনি ও তার জাতির যারা তার উপর ঈমান এনেছে তারা তার (উক্ত উটের) দুধ পান করবে। আমার একটি হাউয থাকবে তার দৈর্ঘ হবে আদন হতে উমান পর্যন্ত। তার কাপগুলো হবে আসমানের নক্ষত্রের সংখ্যাতুল্য। নবীগণকে পানি পান করানো হবে। আল্লাহ সালেহ (আঃ)-কে তার উটনীর উপর করে প্রেরণ করবেন। মুয়ায ইবনু জাবাল বলেনঃ হে আল্লাহর রাসূল আপনি কি নাক ফাড়া উটনীর উপর আরোহণ করবেন? তিনি বলেনঃ আমি বুরাকের উপর থাকব। নবীগণের মধ্য হতে বুরাককে আমার জন্য আল্লাহ খাস করে দিয়েছেন। আমার মেয়ে ফাতিমাহ থাকবে নাক ফাড়া উটনীর উপর। বিলালকে জান্নাতের উটনীগুলোর একটি উটনীর উপর নিয়ে আসা হবে, সে তার উপর আরোহণ করবে এবং আযান দিবে। মুমিনদের মধ্য হতে যে ব্যক্তিই তা শ্রবণ করবে সেই তাকে সত্য বলে স্বীকৃতি দিবে হাশরের ময়দান পূর্ণ হওয়া পর্যন্ত। জান্নাতের পোশাকগুলোর দুটি পোশাক বিলালের জন্য নিয়ে আসা হবে, সে দু'টো তাকে পরিধান করিয়ে দেয়া হবে। সর্বপ্রথম মুসলিমদের মধ্য হতে বিলালকে পোশাক পরিধান করানো হবে। অতঃপর নেককার মুমিনদেরকে।

হাদিছটি জাল।

এটি ইবনু আসাকির (৩/২৩১/২) মুহাম্মাদ ইবনুল ফযল হতে তিনি তার পিতা হতে তিনি আব্দুল্লাহ ইবনু বুরায়দাহ হতে তিনি তার পিতা হতে মারফূ' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ মুহাম্মাদ ইবনুল ফযল মিথ্যুক।

হাদীছটি ইবনু আসাকির সালাম ইবনু সুলায়েম সূত্রেও খালীফাহ ইবনু উছমান হতে তিনি যার নিকট হতে হাদীছ বর্ণনা করেছেন তার থেকে, তিনি মাকহুল হতে তিনি কাছীর ইবনু মুররা আল-হায়রামী হতে বর্ণনা করেছেন।

এ সনদটি নিম্নোক্ত কারণে ধ্বংসপ্রাপ্তঃ

১। এটি মুরসাল। হায়রামী একজন তাবেঈ। কেউ তাকে ধারণা বশত সাহাবীদের মধ্যে গণ্য করেছেন, যেমনটি "আত-তাকরীব" গ্রন্থে এসেছে।

২। মাকহুল হতে নামহীন বর্ণনাকারী মাজহুল।

৩। খালীফাহ ইবনু উছমানকে আমি চিনি না।

৪। সালাম ইবনু সুলায়েম আল-মাদায়েনী আত-তাবীল মিথ্যা বলা ও জাল করার দোষে দোষী। তিনিই হাদীছটির সমস্যা।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71651>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন